পৃষ্ঠা ৩৬

দৈনিক ইত্তেফাক

16 SEP 1993

পৃষ্ঠা ... ৭ কলাম ... ২

## ভুলে ভরা মার্কসীট

বরিশাল অফিস ।। যশোর শিক্ষা বোর্ডের মার্ক সার্টিফিকেট ভুলে ভরা । এসএসসি পরীক্ষার

(শেষ পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

## ভুলে ভরা

(১ম পৃঃ পর)

এই মার্কশীট ছাত্রছাত্রীরা কলেজে ভর্তি পরীক্ষায় ব্যবহার করিতে পারিতেছে না । তাহারা এখন অসহায় । ভর্তি পরীক্ষা শুরু হইয়াছে । বাকেরগঞ্জ কেন্দ্রের ৫৮৪ নম্বর রোলধারীর মার্ক সার্টিফিকেট ইস্যু হইয়াছে ২৫শে আগষ্ট। স্বাক্ষর রহিয়াছে পরীক্ষা নিয়ন্ত্রকের । উহাতে দেখা যায়, বাংলা প্রথমপত্রে নৈর্ব্যক্তিক পরীক্ষায় পরীক্ষার্থী ৫০ নম্বরের মধ্যে ৫৪ নম্বর পাইয়াছে । রচনামূলক পর্বে পাইয়াছে ১৪ । মোট নম্বর দেখানো হইয়াছে (৫৪+১৪)=৬৪ হিসাব ও কারবার পদ্ধতি বিষয়ে রচনামূলক অংশে ৫০ নম্বরের মধ্যে পাইয়াছে ৭০ এবং নৈর্ব্যক্তিক অংশে ৪০, মোট নম্বর দেখানো হইয়াছে, (৪০+৭০) =৭০ । বিভিন্ন বিদ্যালয় হইতে জানানো হইয়াছে, এই ধরনের ভুল মার্ক সার্টিফিকেট ভুরি ভুরি ইস্যু হইয়াছে ।